জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com
সভা নং- "৫৮"

## আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : মোহা: সবুর আলী, প্রশাসক, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : জয়পুরহাট পৌরসভার সম্মেলন কক্ষ।
তারিখ : ২৪ আগস্ট ২০২৫
রোজ : রবিবার।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়।

| ক্র. ন. | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ | জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়, কোন প্রকার সংশোধনী আছে কি না সে বিষয়ে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। | জুলাই ২০২৫ মাসে অনুষ্ঠিত পৌর পরিষদের সাধারণ সভার কার্য বিবরণীতে কোন প্রকার সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও সংশ্লিষ্ট বিভাগ/ শাখা প্রধানগণ জয়পুরহাট পৌরসভা। |
| ০২ | মাসিক আয় ব্যয়ের হিসাব পর্যালোচনা ও অনুমোদন। | জুলাই ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক সভায় পাঠ করে শুনানো হয়। | জুলাই ২০২৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণীতে ব্যয়ের খাত সমূহের পরিশোধকৃত বিল সমূহ ও আয়ের হিসাব সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (পরিশিষ্ট "খ") | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) ও হিসাব রক্ষণ কর্মকর্তা জয়পুরহাট পৌরসভা। |
| ০৩ | জয়পুরহাট পৌরসভার উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা | জনাব মো: মিজানুর রহমান উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) সভায় জানান যে, পৌরসভার চলমান প্রকল্পগুলির মধ্যে<br>১। লোকাল গর্ভমেন্ট কোভিড-১৯ রেসপন্স এন্ড রিকোভারী প্রকল্পের অধীনে স্পেশাল বরাদ্দের আওতায় ১০ (দশ) টি প্যাকেজের মধ্যে ২টি প্যাকেজের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৮ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে।<br>২। এডিপি এর (২য়-৪র্থ) মোট তিনটি কিস্তির বরাদ্দের আওতায় ০৯টি প্যাকেজের মধ্যে ০৭ টি প্যাকেজ কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০২ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে।<br>৩। এডিপি স্পেশাল ও রাজস্ব বরাদ্দের আওতায় ১১ টি প্যাকেজের মধ্যে ০২ টি প্যাকেজের কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০৯ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে।<br>৪। আরইউটিডিপি প্রকল্পের অধীনে ০১ (এক) টি প্যাকেজের ০৪ (চার) টি স্কীমের কাজ দরপত্র মূল্যায়ন পর্যায়ে রয়েছে। চলমান প্রকল্প সমূহের কাজ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্পগুলি প্রকল্প অফিসের নির্দেশনা অনুযায়ী যথাযথ মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। পৌরসভার প্রকৌশলীগণ নিয়মিত কাজগুলির সরেজমিনে তদারকি করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | পয়: বর্জ্যের নিরাপদ যথাযথ নিষ্কাসনের জন্য ভ্যাকুট্যাক ব্যবহার করার অনুমতি প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায়, পরিচালক এরাস ভেঞ্চারস্ লি: এর ০৩/০৭/২০২৫ খ্রি: তারিখের এরাস/জয়/আ-০৫/০৩(৩) নং স্মারকে প্রাপ্ত আবেদনপত্রটি পাঠ করে শুনান। আবেদনপত্র দৃষ্টে জানা যায়, পয়:বর্জ্যের নিরাপদ যথাযথ নিষ্কাসন ও পরিশোধনের জন্য ভ্যাকুট্যাক- ১৫০০ লি: ও ভ্যাকুট্যাক- ২০০০ লি: এরাস ভেঞ্চারস্ লি: এর নামে ব্যবহারের অনুমতি চেয়েছেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার পয়: বর্জ্যের নিরাপদ যথাযথ নিষ্কাসন ও পরিশোধনের জন্য ভ্যাকুট্যাক- ১৫০০ লি: ও ভ্যাকুট্যাক- ২০০০ লি: এরাস ভেঞ্চারস্ লি: এর নামে ব্যবহারের অনুমতি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। |
| ০৫ | জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট/ ২০২৫ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জানান যে, জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ এর ফাইনাল পর্ব ১৫/০৮/২০২৫ খ্রি: তারিখে সমাপ্ত হয় এবং জয়পুরহাট পৌরসভা চ্যাম্পিয়ন ট্রফি অর্জন করেন। উক্ত টুর্নামেন্টে খেলোয়াড়, কোচ, টিম ম্যানেজার সহ যাহারা সম্পৃক্ত ছিলো তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা প্রয়োজন এবং উক্ত টুর্নামেন্ট পরিচালনায় খেলোয়াড় ও কোচদের সম্মানী, জার্সি ও আপ্যায়ন সহ অন্যান্য যাবতীয় খরচ বাবদ সর্বমোট ৫.৬৪,৫০০/- (পাঁচ লক্ষ চৌষট্টি হাজার পাঁচ শত) টাকা মাত্র ব্যয় হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জয়পুরহাট পৌরসভা চ্যাম্পিয়ন ট্রফি অর্জন করায় টুর্নামেন্টে খেলোয়াড়, কোচ, টিম ম্যানেজার সহ যাহারা সম্পৃক্ত ছিলো তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করার এবং উক্ত জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ২০২৫ জয়পুরহাট পৌরসভা টিমের গ্রুপ পর্ব থেকে ফাইনাল খেলা পর্যন্ত পরিচালনায় ম্যানেজার, খেলোয়ার ও কোচদের সম্মানী, জার্সি এবং গ্রুপ পর্ব, সেমিফাইনাল ও ফাইনালসহ আপ্যায়ন ও অন্যান্য যাবতীয় খরচ বাবদ সর্বমোট ৫.৬৪,৫০০/- (পাঁচ লক্ষ চৌষট্টি হাজার পাঁচ শত) টাকা পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা। |
| ০৬ | বিবিধ:<br>(ক) জয়পুরহাট পৌরসভায় স্থায়ী, অবসরপ্রাপ্ত ও অন্যত্র বদলীজনিত কর্মকর্তা/কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিল (পি এফ) পরিশোধ প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভায় স্থায়ী, অবসরপ্রাপ্ত ও অন্যত্র বদলীজনিত কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্যৎ তহবিলের পাওনা হিসাবের বিবরণ দাখিল করার জন্য গত এপ্রিল/২০২৫ মাসের মাসিক সাধারন সভায় সাব কমিটি গঠন করা হয়। গঠিত সাব কমিটি পৌরসভায় রক্ষিত বিভিন্ন রেকর্ডপত্র যাচাই অন্তে হিসাব বিবরণী দাখিল করেন। বিবরণ নিম্নরূপ:<br>১। পৌরসভায় বর্তমান কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিল বাবদ ১,৫৫,৫২,৩১৬/-(এক কোটি পঞ্চান্ন লক্ষ বায়ান্ন হাজার তিনশত ষোল) টাকা প্রয়োজন।<br>২। অবসরপ্রাপ্ত ও অন্যত্র বদলীজনিত কর্মকর্তা/ কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিল বাবদ ৬৪,৯৭,৩৫৮/-( চৌষট্টি লক্ষ সাতানব্বই হাজার তিনশত আটান্ন) টাকা প্রয়োজন।<br>৩। পৌর পানি সরবরাহ শাখায় বর্তমান কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিল বাবদ-৩০,৫৭,৮৭৬/- (ত্রিশ লক্ষ সাতান্ন হাজার আটশত ছিয়াত্তর ) টাকা প্রয়োজন।<br>৪। পৌর পানি সরবরাহ শাখার অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিল বাবদ ১৩,০১,৭২০/-(তের লক্ষ এক হাজার সাতশত কুড়ি ) টাকা প্রয়োজন।<br>কর্মকর্তা/কর্মচারীদের পাওনা ভবিষ্যৎ তহবিল বাবদ সর্বমোট ২,৬৪,০৯,২৭০/-(দুই কোটি চৌষট্টি লক্ষ নয় হাজার দুইশত সত্তর) টাকা প্রয়োজন। উক্ত টাকার হিসাব বিবরণী প্রস্তুতপূর্বক গঠিত সাব-কমিটি দাখিল করেছেন। পাওনা ভবিষ্যৎ তহবিলের টাকা কর্মকর্তা/কর্মচারী স্ব স্ব ভবিষ্যৎ তহবিল হিসাবে জমা প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভায় বর্তমান কর্মরত, অবসরপ্রাপ্ত ও অন্যত্র বদলীজনিত কর্মকর্তা/কর্মচারীদের অ-জমা ভবিষ্যৎ তহবিলের প্রস্তুতকৃত সাব কমিটির দাখিলকৃত হিসাব বিবরণী মোতাবেক ২,৬৪,০৯,২৭০/-( দুই কোটি চৌষট্টি লক্ষ নয় হাজার দুইশত সত্তর) টাকা পরিশোধের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। দাখিলকৃত হিসাব বিবরণীর সঠিকতা যাচাই ও প্রত্যয়নপত্র গ্রহণের লক্ষ্যে জেলা একাউন্স এন্ড ফিনান্স অফিসার, জয়পুরহাট বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। কর্মকর্তা/কর্মচারীদের পাওনা ভবিষ্যৎ তহবিল বাবদ ২,৬৪,০৯,২৭০/-( দুই কোটি চৌষট্টি লক্ষ নয় হাজার দুইশত সত্তর) টাকা পৌরসভার তহবিল হতে পরিশোধের আর্থিক সক্ষমতা সম্পর্কে জরুরীভিত্তিতে প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো।<br>কমিটি:<br>১। পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) আহবায়ক<br>২। সমাজ উন্নয়ন কর্মকর্তা সদস্য<br>৩। হিসাবরক্ষণ কর্মকর্তা সদস্য সচিব | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | (খ) অসুস্থতা জনিত কারণে অবসর প্রাপ্ত কর্মচারীর পাওনা আনুতোষিক হতে চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আংশিক অর্থ প্রদান। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার অবসরপ্রাপ্ত সৈয়দ হেলাল আশরাফ, লাইসেন্স পরিদর্শক ও গোলাম মাহবুব, ভ্যাকসিনেটর ০২ (দুই) জন কর্মচারী অসুস্থতা জনিত কারণে তাদের পাওনা আনুতোষিক হতে চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য অর্থ চেয়ে আবেদনপত্র দাখিল করেছেন। তাদের দাখিলকৃত আবেদনপত্রের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার ইতোপূর্বে মাসিক সভার ৫৫ নং অধিবেশনে সিদ্ধান্ত মোতাবেক ২০% হারে আনুতোষিক প্রদান করা হয়। পরিবর্তীতে তাদের মুল বেতনের সমপরিমান অর্থ প্রতিমাসে স্বয়ংক্রিয়ভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান মুলবেতনের সমপরিমান অর্থ দিয়ে চিকিৎসা ব্যয় নির্বাহ করা সম্ভব না হওয়ায় বকেয়া আনুতোষিকের বিপরীতে চিকিৎসা ব্যয় বাবদ আপাতত সৈয়দ হেলাল আশরাফ, অবসরপ্রাপ্ত লাইসেন্স পরিদর্শক কে ৩,০০০০০/- (তিন লক্ষ) টাকা এবং মোঃ গোলাম মাহবুব অবসরপ্রাপ্ত ভ্যাকসিনেটরকে ৩,০০০০০/-(তিন লক্ষ টাকা) এবং প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |
| | (গ) জয়পুরহাট পৌরসভার অধীনে খঞ্জনপুর পাহাড়পুর রোডে অবস্থিত ময়লার ভাগাড়ের স্তুপকৃত ময়লাগুলো সমতলকরণ অন্তে পৌর শিশুপার্ক নির্মাণ সম্পর্কে আলোচনা। | নির্বাহী প্রকৌশলী সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভার অধীনে খঞ্জনপুর পাহাড়পুর রোডে অবস্থিত ময়লার ভাগাড়ের স্তুপকৃত ময়লাগুলো সমতল করে পৌর শিশুপার্ক নির্মাণ করার লক্ষ্যে স্তুপকৃত ময়লাগুলো এক্সকেভেটর দ্বারা সমতল করার জন্য সম্ভব খরচ বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জয়পুরহাট পৌরসভার অধীনে খঞ্জনপুর পাহাড়পুর রোডে অবস্থিত ময়লার ভাগাড়ের স্তুপকৃত ময়লাগুলো সমতল করে পৌর শিশুপার্ক নির্মাণ করার লক্ষ্যে স্তুপকৃত ময়লাগুলো এক্সকেভেটর দ্বারা সমতলকরণ ও সম্ভব খরচের প্রাক্কলনসহ প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো।<br><br><u>প্রকল্প কমিটি:</u><br>১। নির্বাহী প্রকৌশলী, ডিপিএইচই আহবায়ক<br>২। নির্বাহী প্রকৌশলী, জপৌস সদস্য<br>৩। এসএই মিজানুর (সিভিল) সদস্যসচিব | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |
| | (ঘ) পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প স্থাপনের বিষয়ে আলোচনা। | সহকারী প্রকৌশলী পানি (ভার:) সভায় জানান যে, গত ২৯/০১/২০২৫ খ্রি: তারিখে মাসিক সাধারণ সভার অলোচ্য সূচী-৯ এর বিবিধ 'ঙ' তে রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প ব্যবহারকারীগণের অনুমোদন ফি ৩০০০/- ( তিন হাজার টাকা) এবং ব্যাৎসরিক ফি (প্রতি বছর) ৩০০০/- (তিন হাজার) টাকা হিসাবে ০৫ (পাঁচ) বছরের জন্য এককালিন ৩০০০x৫=১৫০০০ (পনের হাজার ) টাকা নির্ধারণ করা হয়েছিল। সাবমার্সিবল পাম্প ব্যবহার ফি পুণ:নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প ব্যবহারের নির্ধারণকৃত ফি এককালিন আদায় সম্ভব না হওয়ায় জনস্বার্থে জয়পুরহাট পৌরসভার পানির সাবমার্সিবল পাম্প ব্যবহারকারীগণের অনুমোদন ফি পূর্বের ৩,০০০/- টাকার স্থলে ৩,০০০/- টাকা এবং বাৎসরিক ফি (প্রতি বছর) পূর্বের ৩,০০০/- টাকা হিসেবে ০৫ বছরের জন্য ১৫০০০/- টাকা এককালিন আদায় করার পরিবর্তে ০১ বছরের জন্য ৩,০০০/- টাকা আদায় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |
| | (ঙ) জয়পুরহাট জেলা কারাগারে ০১ (এক) টি টেলিভিশন প্রদান বিষয়ে আলোচনা। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) সভায় জেল প্রশাসকের কার্যালয়ের ২১ আগস্ট ২০২৫ তারিখের ০৫.৪৩.৩৮০০.০০৬.৯৯.০০২.২৫-৫৬১ নং স্মারকপত্রটি পাঠ করে শুনান। বর্ণিত পত্রে জেলা কারাগারে আটক বন্দিদের সুস্থ বিনোদনের জন্য ০১ (এক) টি রঙ্গিন টেলিভিশন প্রদানের জন্য অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। | জয়পুরহাট জেলা কারাগারে আটক বন্দিদের সুস্থ বিনোদনের জন্য ০১ (এক) টি রঙ্গিন টেলিভিশন প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | (চ) পৌর পানি শাখার হিসাবরক্ষক মৃত গোলাম রব্বানীর স্ত্রীর কর্তৃক পাওনাদি বিষয়ে দাখিলকৃত আবেদনপত্র সম্পর্কে আলোচনা | পৌর পানি শাখার হিসাবরক্ষক মৃত গোলাম রব্বানীর স্ত্রী মোছা: নাসরিন পারভীন তার মৃত স্বামীর ভবিষ্যৎ তহবিল, ল্যামগ্রান্ট ও আনুতোষিক পাওয়ার দাখিলকৃত আবেদনপত্র সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মৃত গোলাম রব্বানীর স্ত্রী মোছা: নাসরিন পারভীন তার মৃত স্বামীর ভবিষ্যৎ তহবিল, ল্যামগ্রান্ট ও আনুতোষিক পাওয়ার জন্য দাখিলকৃত আবেদনপত্র সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা শেষে তার পাওনা ভবিষ্যৎ তহবিল, ল্যামগ্রান্ট ও আনুতোষিক নির্ধারণপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হলো:<br>কমিটি: | পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:) জয়পুরহাট পৌরসভা |

| ক্রম | নাম ও পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১ | মো: রহুল আমিন<br>জেলা শিক্ষা অফিসার | আহবায়ক |
| ২ | আবু জাফর মো: রেজা<br>পৌর নির্বাহী কর্মকর্তা | সদস্য |
| ৩ | মো: জুলফিকার আলী<br>হিসাবরক্ষণ কর্মকর্তা | সদস্য |
| ৪ | মো: আব্দুল হাশেম<br>প্রশাসনিক কর্মকর্তা | সদস্য |
| ৫ | মো: হাসানুজ্জামান<br>সমাজ উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/০৮/২০২৫
(মোহা: সবুর আলী)
প্রশাসক
ও
সভাপতি
পৌর পরিষদ সদস্য সমন্বয়ে গঠিত কমিটি
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং: জপৌস/সাধা/১ (০৭)১/২০২৫/ ৩৮৭/৯(২৪)

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩২
২৪ আগস্ট ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটির সম্মানিত সদস্যবৃন্দ (সকল)।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৫। সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৬। প্রশাসনিক কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা।
৭। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল), জয়পুরহাট পৌরসভা।
৯। দপ্তর নথি।

২৫/৮/২৫
(আবু জাফর মো: রেজা)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভার:)
জয়পুরহাট পৌরসভা।

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
joypurhatpourashavabd.com

পরিশিষ্ট: 'ক'

<u>উপস্থিত সদস্যবৃন্দের তালিকা:</u>

তারিখ: ২৪/০৮/২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ডা: মো: আল মামুন | সিভিল সার্জন, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ২। | মোছা: রাহেলা পারভীন | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৩। | মো: আল মামুন হক | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৪। | মুহাম্মদ শফিকুল ইসলাম তালুকদার | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৫। | মোছা: উম্মে রোমান খান জনি | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |
| ৬। | মো: রুহুল আমিন | জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট | স্বাক্ষরিত |
| ৭। | মো: মমিনুল ইসলাম | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জয়পুরহাট | অনুপস্থিত |
| ৮। | লায়লুন নাজমা বেগম | উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট। | স্বাক্ষরিত |

CamScanner